

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

উচ্চ মাধ্যমিকের পাঠ্যবইয়ে পরিবর্তন আসতে পারে

এনসিটিবির সুপারিশ যাচাই-বাছাই কমিটি গঠন

প্রকাশ | ২২ মে ২০১৮, ০০:২৭



নিজস্ব প্রতিবেদক

একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা ও ইংরেজি পাঠ্যবইয়ের কিছু অংশে পরিবর্তন আসতে পারে বলে জানা গেছে। ইতোমধ্যে মাঠপর্যায়ে শিক্ষক ও শিক্ষার্থীদের কাছ থেকে সুপারিশ ও পরামর্শ সংগ্রহের জন্য কর্মশালা শেষ করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।

এনসিটিবির একজন জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, এনসিটিবি ওই সুপারিশগুলো যাচাই-বাছাই করতে একটি কমিটিকে দিয়েছে। ওই কমিটির দেওয়া সুপারিশের ভিত্তিতেই পাঠ্যবইয়ে দুটি পরিবর্তনের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

এনসিটিবির সদস্য মশিউজ্জামান বলেন, সময়োপযোগী ও মানসম্মত সুপারিশগুলো প্রাধান্য দিয়ে পরিবর্তনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

এ বিষয়ে এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র সাহা বলেন, আগামী মাসের প্রথম সপ্তাহের মধ্যে যদি এসব কর্মসূচি শেষ করা সম্ভব হয়, তা হলে এ বছর পরিবর্তন হবে, আর যদি জুন পেরিয়ে যায়, তা হলে আগামী বছর পরিবর্তন আনা হবে।

জানা গেছে, শিক্ষকদের সুপারিশে বলা হয়েছে, একাদশ-দ্বাদশ শ্রেণির সিলেবাসে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, কবি জসীমউদ্দীন, সৈয়দ মুজতবা আলী এই তিনজনের কোনো রচনা না থাকা দুর্ভাগ্যজনক। জসীমউদ্দীন, সৈয়দ মুজতবা আলী

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি